

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪২৪

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ মুজাহাদাহ বা দ্বীনের জন্য এবং আত্মা, শয়তান ও দ্বীনের শত্রুদের বিরুদ্ধে নিরলস চেষ্টা, টানা পরিশ্রম ও আজীবন সংগ্রাম করার গুরুত্ব

## আরবী

عَنْ أَبِيْ مَسعُودِ عُقبَةَ بنِ عَمرِو الأنصارِي البَدرِي قَالَ: لَمَّا نَزَلَتْ آيةُ الصَّدَقَةِ كُنَّا نُحَامِلُ عَلَى ظُهُورِنَا فَجَاءَ رَجُلٌ فَتَصدَّقَ بِشَيءٍ كَثيرٍ فَقَالُواْ: مُرَاءٍ وَجَاءَ رَجُلٌ آخَرُ فَتَصدَّقَ بِصَاعٍ فَقَالُواْ: اللَّهُ لَغَنيُّ عَن صَاعٍ هَذَا فَنَزَلَتْ: الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ فَتَصدَدَّقَ بِصاعٍ فَقَالُواْ: إِنَّ اللهَ لَغَنيُّ عَن صَاعٍ هَذَا فَنَزَلَتْ: الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ وَالَّذِينَ لا يَجِدُونَ إِلاَّ جُهْدَهُمْ: مُتَّفَقٌ عَلَيهِ هذا لفظ البخاري

## বাংলা

(৪২৪) আবৃ মাসউদ উক্কবাহ ইবনে আমর আনসারী বাদরী (রাঃ) বলেন, যখন সাদকার আয়াত অবতীর্ণ হল, তখন (সাদকা করার জন্য পারিশ্রমিকের বিনিময়ে) আমরা নিজের পিঠে বোঝা বহন করতাম (অর্থাৎ মুটে-মজুরের কাজ করতাম)। অতঃপর এক ব্যক্তি এল এবং প্রচুর জিনিস সাদকাহ করল। মুনাফিকরা বলল, এই ব্যক্তি রিয়াকার (লোককে দেখানোর জন্য দান করছে।) আর এক ব্যক্তি এল এবং সে এক সা' (আড়াই কিলো) জিনিস দান করল। তারা বলল, এ (ক্ষুদ্র) এক সা' দানের আল্লাহ মুখাপেক্ষী নন। অতঃপর এই আয়াত অবতীর্ণ হলঃ বিশ্বাসীদের মধ্যে স্বতঃক্ষূর্তভাবে যারা সাদকা দান করে এবং যারা নিজ পরিশ্রম ব্যতিরেকে কিছুই পায় না, তাদেরকে যারা দোষারোপ করে এবং উপহাস করে, আল্লাহ তাদেরকে উপহাস করেন এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। (সূরা তওবা ৭৯)।

## ফুটনোট

(বুখারী ১৪১৫, মুসলিম ২৪০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন